



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১০ মার্চ ২০১৮ খ্রি.

নগরীর সাগরিকা ইয়ার্ডে আধুনিক গ্যাসফল্ট প্ল্যান্ট, ওয়েব্রীজ নির্মাণ ও সড়ক উন্নয়ন সহ প্রায় ২শত কোটি টাকার প্রকল্পের উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

এডিপি ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে নগরীর সাগরিকা ইয়ার্ডে জার্মানীর প্রযুক্তিতে নির্মিত ঘন্টায় ১শত টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন গ্যাসফল্ট প্ল্যান্ট, ৫০টন ক্ষমতা সম্পন্ন ২টি ওয়েব্রীজ, সিসি ক্যামেরা, রাস্তা উন্নয়ন, নালা নির্মাণ, স্টক ইয়ার্ড নির্মাণ, প্ল্যান্ট অফিস ও সাবস্টেশন নির্মাণ, ডাম্প ট্রাক, পে-লোডার, টায়ার রোডার, ভাইব্রেটর রোলার, পেভার মেশিন, টেলিস্কোপ ক্রেন, হইল ডোজার, জীপ, প্রাইম মোভার, জেনারেটর, ওয়াইফাই সংযোজন সহ নানামুখি ১শত ৯৯ কোটি ৯৯ লক্ষ ২৫ হাজার টাকার উন্নয়ন কাজের ফলক উন্মোচন ও মুনাজাতের মধ্য দিয়ে ১০ মার্চ ২০১৮ খ্রি. শনিবার, সকালে শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। উদ্বোধন শেষে মেয়র গ্যাসফল্ট প্ল্যান্ট সহ যাবতীয় উন্নয়ন প্রকল্প ঘুরে ঘুরে দেখেন। পরে সাগরিকা ষ্টোর চত্বরে আড়ম্বর একটি সুধি সমাবেশ অনুষ্ঠিত হয়। সুধি সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন। সুধি সমাবেশে প্যানেল মেয়র, কাউন্সিলর, প্রকৌশল বিভাগের অধীনস্থ সিভিল, যান্ত্রিক ও বিদ্যুৎ বিভাগের প্রকৌশলী ও কর্মচারীবৃন্দ সহ চসিক এর বিভিন্ন বিভাগ ও শাখার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। সুধি সমাবেশে সভাপতিত্ব করেন প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ। এতে প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর মোরশেদ আজহার চৌধুরী, নাজমুল হক ডিউক, হাসান মুরাদ বিপ্লব, মোহাম্মদ আজম, শফিউল আলম, জহরুল আলম জসিম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ, আঞ্জুমান আরা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, প্রকল্প পরিচালক, উপ প্রকল্প পরিচালক, সহকারী প্রকৌশলী, উপ সহকারী প্রকৌশলীবৃন্দ সহ সংশ্লিষ্টরা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নির্বাহী প্রকৌশলী যান্ত্রিক সুদীপ বসাক। উপস্থাপনায় ছিলেন নির্বাহী প্রকৌশলী ঝুলন কুমার দাশ। বর্ণাঢ্য এ আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রীতিভোজ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সাগরিকা ইয়ার্ডে স্থাপিত গ্যাসফল্ট প্ল্যান্ট সহ প্রায় ২শত কোটির কার্যক্রমের বিশদ বিবরণ দিয়ে বলেন, নগরীর সড়ক উন্নয়ন ও মেরামত কাজ মানসম্মত এবং দ্রুত করার লক্ষ্যে গ্যাসফল্ট প্ল্যান্ট স্থাপিত হলো। এটিকে আয়বর্ধক প্রকল্পে হিসেবেও চসিক অর্থনীতিতে অবদান রাখবে। তিনি বলেন, সাগরিকা ইয়ার্ডে

ল্যাবরেটরী, বহুতল ভবন সহ আরো বহু প্রকল্প বাস্তবায়িত হবে। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য প্রসঙ্গে বলেন, দেশপ্রেম ধারণ করে নিজ নিজ ব্যক্তি স্বার্থ পরিহার করে নাগরিক সেবাকে প্রাধান্য দিয়ে প্রতিষ্ঠানের প্রতি দরদী হয়ে উৎসাহের সাথে দায়িত্ব ও কর্তব্য পালন করার জন্য কর্মচারীদের সব ধরনের সুযোগ সুবিধা নিশ্চিত করা হচ্ছে। তিনি কর্মকর্তা-কর্মচারী ধারণায় না রেখে নগরের একজন হিসেবে নাগরিক সেবায় মনোযোগী হতে সকলকে পরামর্শ দেন। অনুষ্ঠান শেষে চালকদের ইউনিফর্ম বিতরণ করেন মেয়র।

চট্টগ্রাম-১০ মার্চ ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে বাণিজ্যিক রাজধানী বাস্তবায়ন পর্ষদের মতবিনিময়

১০ মার্চ ২০১৮ খ্রি. শনিবার, সকালে নগরভবনে কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে বাণিজ্যিক রাজধানী বাস্তবায়ন পর্ষদ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্তমান ও সাবেক কাউন্সিলরদের মতবিনিময় সভায় চট্টগ্রামকে বাণিজ্যিক রাজধানীর আদলে উন্নয়ন, অবকাঠামো তৈরিসহ উন্নয়ন পরিকল্পনার ও রূপরেখার ৪৫ দফার একটি প্রস্তাবনা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের নিকট হস্তান্তর করা হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন মতবিনিময় বাস্তবায়ন কমিটির আহ্বায়ক ও সাবেক কমিশনার মো. শহিদুল আলম। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বাণিজ্যিক রাজধানী বাস্তবায়ন পর্ষদের সভাপতি লায়ন এস এম সিরাজদৌল্লা, কার্যকরি সভাপতি ডা. আবদুল করিম, মহাসচিব আলহাজ্ব ছালেহ আহম্মদ সোলায়মান, মতবিনিময় সভার সচিব ভূপেন দাশ, সহ সভাপতি কাজী গোলাম রহমান, প্রচার ও প্রকাশনা সম্পাদক এইচ এম আলমগীর চৌধুরী রানা, সাবেক কাউন্সিলর নুরুল হুদা লালু, মো. আনোয়ার হোসেন, এ এস এম জাফর, আর্জু শাহবুদ্দিন, পেয়ার মোহাম্মদ, কমিশনার গিয়াস উদ্দিন, সায়েদ গোলাম হায়দার মিন্টু, চাক্তাই খাতুনগঞ্জ আড়ত ও সাধারণ ব্যবসায়ী কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক এহসান উল্লাহ জাহেদী, পর্ষদের সংগঠক জিয়া উদ্দিন খালেদ চৌধুরী, ন্যাপ নেতা মিতুল দাশ গুপ্ত, সরকারি কর্মকর্তা মো. মুছা, সমবায় সমিতির কর্মকর্তা মো. মহসিন, অধ্যাপক নিজাম উদ্দিন নাজিম ও মো. কুতুব উদ্দিন মতবিনিময় করেন। মতবিনিময় সভায় বাণিজ্যিক রাজধানী বাস্তবায়ন পর্ষদের প্রস্তাব সমূহ উপস্থাপন করেন লায়ন এস এম সিরাজদৌল্লা। মতবিনিময়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, জননেত্রী শেখ হাসিনার শাসন আমলে চট্টগ্রামবাসী নানাভাবে উপকৃত হয়েছে। সরকার কর্তৃক নদীর তলদেশে ট্রানেল নির্মাণ সহ বাণিজ্যিক রাজধানীর আদলে অবকাঠামোগত উন্নয়ন করে যাচ্ছে। সরকারি-আধাসরকারি, স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠান সমূহের প্রধান দপ্তর চট্টগ্রামে স্থাপনের মাধ্যমে বাণিজ্যিক রাজধানীর কাঠামো বৃদ্ধি করতে হবে। এ লক্ষ্যে সকল রাজনৈতিক দল, সকল শ্রেণি ও পেশার মানুষের ঐক্যবদ্ধ প্রয়াস প্রয়োজন। তিনি আশা করেন, চট্টগ্রাম বাণিজ্যিক রাজধানীর যাবতীয় সুযোগ-সুবিধা জননেত্রী শেখ হাসিনার মাধ্যমে বাস্তবায়িত হবে।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন